

কার্যকর  
ও দায়িত্বশীলতার  
সাথে ইন্টারনেট ব্যবহার  
করার অবশ্য পালনীয়  
নির্দেশনা



Digital  
Literacy  
Center



জানো,মোহনা  
কী হয়েছে?

কী হয়েছে ভাবী?

গতকাল একটি রান্না প্রতিযোগিতায়  
অংশগ্রহণের জন্য অনলাইনের মাধ্যমে  
ফর্ম ফিল-আপ করতে ফেইসবুক পেইজে  
দেয়া নির্ধারিত লিংকে প্রবেশ করে ফর্ম  
ফিল-আপ করতে গিয়ে মনোযোগ দিয়ে  
দেখলাম, এই ফর্মে যারা পূর্বে তথ্য দিয়েছে  
তাদের সকল তথ্য দেখা যাচ্ছে। তারপর  
আর ফর্ম ফিলাপ করিনি।

ভালো করেছে। অনলাইন পরিমণ্ডলে এমন  
বহু ঘটনা ঘটে থাকে যেখানে আমরা যদি  
দায়িত্বশীল আচরণ না করি তাহলে অনেক  
বড় ক্ষতি হয়ে যেতে পারে।

এজন্য নির্দেশনাবলী মেনে চলা  
অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সেই গুরুত্বপূর্ণ  
নির্দেশনাবলীগুলো  
কী কী একটু  
বলবে আমায়?

অবশ্যই বলবো।

শোনো, ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে  
সর্বপ্রথম যে ব্যাপারে আমাদের দায়িত্বশীল  
হতে হবে তা হচ্ছে নিজের এবং অন্যের  
যাবতীয় তথ্যের গোপনীয়তা রক্ষা করা।

যদি কোনো কারণে তথ্য দেয়ার দরকার হয়  
সেক্ষেত্রে প্রদত্ত তথ্যগুলো যাতে যে কেউ চাইলেই  
দেখতে না পারে সেদিকে খেয়াল রাখতে হবে।

তারপর অন্যের মতামতের প্রতি শ্রদ্ধাশীল হওয়া আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়।

তাই অনলাইনে কারো সাথে মতের অমিল হলে তার সাথে ঝগড়া করা অথবা তার প্রতি আক্রমণাত্মক আচরণ করা ঠিক নয়।

ভালো বলেছো।  
তারপর?

তারপর অনলাইন পরিমণ্ডলে সাইবার বুলিং অথবা আগ্রাসী আচরণের ঘটনা ঘটতে দেখলে সবাইকে একসাথে তা দৃঢ়চিত্তে প্রতিহত করতে হবে এবং প্রয়োজনে আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবার মূল অ্যাপ বা সফটওয়্যারের সিস্টেমে পরিবর্তন এনে পাইরেটেড ভার্সন তৈরি করা হয়।

ফলে এগুলো ব্যবহারে কিছু ঝুঁকি থেকেই যায়। তাছাড়া পাইরেসি একটি অনৈতিক ও বেআইনি কাজ।

তাই এসব পাইরেটেড অ্যাপ ও সফটওয়্যার ব্যবহার করা থেকে বিরত থাকা উচিত।

এছাড়া অনলাইন মাধ্যমের প্রসারের কারণে বর্তমানে ভিত্তিহীন খবর এবং গুজব ছড়ানো বেশ সহজ হয়ে উঠেছে।

আমাদের সবাইকে এই বিষয়ে সতর্ক থাকতে হবে। যেকোনো তথ্য সামনে আসলে অথবা শেয়ারের পূর্বে যাচাই করে নিতে হবে যে তা সঠিক কিনা।

মনে থাকবে তো?



না থাকলেও  
রাখতে হবে।  
হা হা হা

এইতো আমার  
বুদ্ধিমান ভাবী।



তোমাকে  
অনেক  
ধন্যবাদ।